# আন-নাবা | An-Naba' | ٱلنَّبَإ

আয়াতঃ ৭৮ : ১৯

## আরবি মূল আয়াত:

وَّ فُتِحَتِ السَّمَآءُ فَكَانَتۡ اَبۡوَابًا ﴿۱۹﴾

## অনুবাদসমূহ:

আর আসমান খুলে দেয়া হবে, ফলে তা হবে বহু দ্বারবিশিষ্ট। — আল-বায়ান

আকাশ খুলে দেয়া হবে আর তাতে হবে অনেক দরজা। — তাইসিরুল

আকাশকে উন্মুক্ত করা হবে, ফলে ওটা হয়ে যাবে বহু দ্বারবিশিষ্ট। — মুজিবুর রহমান

And the heaven is opened and will become gateways — Sahih International

১৯. আর আকাশ উন্মুক্ত করা হবে, ফলে তা হবে বহু দ্বারবিশিষ্ট।(১)

(১) “আকাশ খুলে দেয়া হবে” এর মানে এটাও হতে পারে যে, ঊর্ধ্বজগতে কোন বাধা ও বন্ধন থাকবে না। আসমানে বিভিন্ন দরজা তৈরি হয়ে সেগুলো হতে সবদিক থেকে ফেরেশতারা নেমে আসতে থাকবে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

১৯। আকাশকে উন্মুক্ত করা হবে, ফলে তা হবে বহু দ্বার বিশিষ্ট।[1]

[1] অর্থাৎ, ফিরিশতাগণের জন্য অবতরণের পথ হয়ে যাবে। এবং তাঁরা পৃথিবীতে অবতরণ করবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5691

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন